

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২০

আগরতলা, ১৫ জুন, ২০২৪

হালাইরপাড়ে ম্যালেরিয়া সনাক্তকরণ

উনকোটি জেলার সমরুপাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনে হালাইরপাড়া কেন্দ্রে গত ১৩ জুন আশাকমীরা ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচিতে অংশ নেন। এই কর্মসূচিতে আশাকমীরা বাড়ি বাড়ি গিয়ে রক্তের নমুনা সংগ্রহ করেন। মোট ২১ জনের রক্ত স্লাইড কালেকশন করা হয়। পরীক্ষায় প্রত্যেকের রিপোর্ট নেগেটিভ এসেছে। আশাকমীগণ রক্তের নমুনা সংগ্রহের পাশাপাশি ম্যালেরিয়া প্রতিরোধে সচেতনতামূলক বিষয়গুলি নিয়ে আলোচনা করেন। তাছাড়াও জেলার নিশি রঞ্জন নন্দিতা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনে জামতৈলবাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দির এলাকার ৩ জন যক্ষ্মা রোগীকে পুষ্টিকর খাবার দেওয়া হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
